

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে পূবালী ব্যাংক পিএলসি ডিজিটাল ব্যাংকিং ক্যাম্পেইন এর উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) পূবালী ব্যাংক পিএলসি ডিজিটাল ব্যাংকিং ক্যাম্পেইন এর উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার (২২ এপ্রিল ২০২৪) নোবিপ্রবি প্রশাসনিক ভবন সংলগ্ন স্থানে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত হয়ে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর উদ্বোধন করেন। এ সময় নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, পূবালী ব্যাংক এর আঞ্চলিক প্রধান মো. হাফিজুর রহমান সর্দার, ডিজিএম স্বপ্না দাস চৌধুরী এবং এজিএম মাইজদি কোর্ট ব্রাঞ্চ মো. শামসুল আলম উপস্থিত ছিলেন।

সংক্ষিপ্ত বক্তৃতায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমরা যখন পূবালী ব্যাংকের কর্মকর্তাদের সঙ্গে প্রাথমিক কথাবার্তা বলি তখন একটা বিষয় জেনে আমার খুব ভালো লেগেছে আর তা হলো এই ব্যাংকের অনলাইন ব্যাংকিং অর্থাৎ পাই ব্যাংকিং এর ক্ষেত্রে কোন ফি দিতে হয় না। এটা আমার কাছে আকর্ষণীয় বলে মনে হয়েছে কারণ আমাদের ছাত্রছাত্রীরা যদি ফি না দিয়ে কোনো লেনদেন করতে পারে বিশেষ করে তাদের ভর্তি ফি, সেমিস্টার ফি ইত্যাদি প্রদানের ক্ষেত্রে তাহলে তাদের কিছুটা হলেও সাশ্রয় হবে। আমাদের ক্যাম্পাসে যে এটিএম বুথ আছে তার পাশেই তারা তাদের ব্যাংকের একটি এটিএম বুথ করবে। ফলে আমাদের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সকলেই অনলাইন লেনদেন শুরু করতে পারবে এবং এটিএম বুথ থেকে চাইলেই টাকা উত্তোলন করতে পারবে। আমি বিশ্বাস করি এর মধ্য দিয়ে আমাদের এখানে যে আরেকটি ব্যাংক আছে তাদের মধ্যেও সেবা দেওয়ার প্রতিযোগিতা বাড়বে।

উল্লেখ্য, ২২-২৫ এপ্রিল, ২ ও ৯ মে ২০২৫ পর্যন্ত এ ক্যাম্পেইন চলবে। যেখানে ব্যাংকিং এর সকল ডিজিটাল সেবা সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীদের সঙ্গে ধারণা শেয়ার করা হবে। এ আয়োজনের মধ্য দিয়ে ফ্রি একাউন্ট খোলা ও এটিএম কার্ড প্রদান করা হচ্ছে। এছাড়াও 'ফরেন এডুকেশন' এর জন্য 'ফাইন্যান্সিয়াল সাপোর্ট' সম্পর্কিত সেবা প্রদান করা হবে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪